## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই আষাঢ় বুধবার ১৩৬৭ ইংরাজী 22nd June. 1960 { ৬ষ্ঠ সংখ্যা।

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**
দাশনগর, হাওড়া।

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই আষাঢ় বুধবার সন ১৩৬৭ সাল।

## The Child is the Father of the man

উল্লিখিত ইংরাজী প্রবাদটির বাংলা অর্থ—

**"উঠন্ত মুলে পত্তনেই চেনা যায়"**

অর্থাৎ পরিণত বয়সের গুণাদির অঙ্কুর শৈশবেই পরিদৃষ্ট হয়।

—০—

প্রায় পঞ্চান্ন বৎসরের পূর্ব্বেকার কথা—যখন ইংরেজ শাসক লর্ড কর্জ্জন বাংলা দেশকে দ্বিখণ্ডিত করিবার উদ্যোগ করেন তখন বাংলা নেতৃবিহীন ছিল না। দেশপূজ্য স্বর্গত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ নেতৃবৃন্দ তুমুলভাবে আন্দোলন সুরু করেন। স্বল্প বয়স্ক ছাত্রবৃন্দ তাহাতেও সাড়া দিতে পশ্চাৎপদ হয় নাই। বড়রা বড় বড় আন্দোলন চালাইতেন, ছাত্রবৃন্দ এমন কি মুখে স্পষ্টভাবে কথা ফোটেনি এমন বালকগণও সাহেব দেখলেই আধ আধ বুলিতে চীৎকার করিয়া বলিত—

"ফিরিঙ্গী লাল কি দেখাও ভয়!
দেহ তোদের অধীন বটে,
মন তো তোদের নয়।
হাত বাঁধবি পা বাঁধবি না হয় ধ'রে
জেলে দিবি
মনের দুয়ার বন্ধ করার কি আছে উপায়।"

এই আন্দোলনে বিলাতী দ্রব্য এমনভাবে বর্জ্জন আরম্ভ হয় যে বিলাতের স্বদেশে এমনভাবে অন্ন চিন্তা সুরু হয়েছিল যে শেষ অবধি বঙ্গ ভঙ্গ শিকেয় তুলে লাট কর্জ্জন সত্য সত্যই লাট (জীর্ণ) হইয়া মতলব ত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন। ছাত্র তো ছাত্র—ক্ষুদ্র ক্ষুদ্র বালকও এতে নেতাদের সঙ্গে মাতিয়া উঠে। তারপরে অগ্নিযুগের তরুণদের রাজনীতিতে যোগদানের কথা আজ স্বাধীন ভারতে গত বৎসর সমারোহে যেখানে সে যুগের যুবক ও তরুণ বীরবৃন্দের কীর্ত্তিকথা আলিপুর দায়রা আদালতের প্রাঙ্গণে কলিকাতা হাইকোর্টের চীফ জাষ্টিস এর সভাপতিত্বে এবং কলিকাতা কর্পোরেশনের মেয়রের প্রধান আতিথ্যে আলোচিত হইয়া যে ঘরে বসিয়া জজ সাহেব বিচারাধীনদের বিচার করিয়াছিলেন, সেই ঘরে আসামীদের নাম মর্ম্মর প্রস্তরফলকে খোদিত করিয়া স্থাপিত হইয়াছে। এই সব রাজনীতিতে ছাত্রগণ ঝাঁপাইয়া পড়িতে ইতস্ততঃ করেন নাই।

তারপর নেতাজী প্রেসিডেন্সি কলেজে পঠদ্দশায় অধ্যাপকের মুখে স্বদেশ ও স্বজাতির উদ্দেশে কটু বাক্যের সমুচিত উত্তর দিয়া প্রেসিডেন্সি কলেজ হইতে বহিস্কৃত হইয়া অন্য কলেজে অধ্যয়ন করিতে বাধ্য হইয়াছিলেন। বিলাতে আই. সি. এস হইবার জন্য সুভাষচন্দ্রের জামিনদার হইবার লোক পাওয়া কঠিন হইয়া উঠিয়াছিল। একমাত্র পিতৃবন্ধু তদানীন্তন ইংরেজ সরকারের আণ্ডার সেক্রেটারী স্বর্গত যোগীন্দ্রনারায়ণ মিত্র স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহার বিলাত যাইবার জামিন হইবার দুঃসাহস দেখাইয়াছিলেন। এ হেন আই. সি. এস পদ প্রাপ্ত হইয়া বোম্বাই পৌছিয়া যখন শুনিলেন মহাত্মা গান্ধী ইংরেজ সরকারের বিরুদ্ধে অহিংস অসহযোগ সুরু করিয়াছেন, আর যায় কোথা? যে সুভাষ (I. C. S.—ইণ্ডিয়ান ক্রিমিন্যাল সার্ভিস্) বাড়ী হইতে গিয়াছিলেন, বিলাতের আই. সি. এস টোপর বোম্বাই হইতে পরিত্যাগ করিয়া সেই সুভাষ হইয়াই ঘরে ফিরিলেন। ছাত্রের রাজনীতি আন্দোলনে যোগদান এর চেয়ে বড় রকমের দেখা যায় কি? গান্ধীজির আন্দোলনে মুগ্ধ হইয়া যে সুভাষচন্দ্র I. C. S. তকমাখানি নিষ্ঠীবনবৎ ত্যাগ করিলেন, তিনিই আবার গান্ধীজির মনোনীত কংগ্রেস সভাপতি পদপ্রার্থী পট্টভি সীতারামিয়ার সঙ্গে নির্ব্বাচন যুদ্ধে তাল ঠুকিয়া পরোক্ষে গান্ধীজিকেই পরাজিত করিলেন। অহিংস গান্ধীজি ইহা আমার পরাজয়! ইহা আমার পরাজয়!! বলিয়া নিঃশ্বাস ফেলিয়াছিলেন।

অনেকে বিশেষতঃ যাঁদের গদীতে বিঘ্ন হইতে পারে তাঁহারা ছাত্রদের রাজনীতিতে যোগ দেওয়া অন্যায় বলিয়া ঘোষণা করেন। আমরা একজন ছাত্র যে নেতাজী হইলেন এর প্রত্যক্ষ প্রমাণ দিলাম। সম্প্রতি পৃথিবীর মধ্যে সব চেয়ে শক্তিমান মার্কিন প্রেসিডেণ্ট তাঁহার জাপান সফর বাতিল করিতে বাধ্য হইয়াছেন। জাপানী ছাত্রেরা জাপ-মার্কিন নিরাপত্তা চুক্তির বিরোধিতা করিয়া বহু নির্য্যাতন বরণ করিয়াছে। সম্প্রতি মার্কিন প্রেসিডেণ্ট মিঃ আইসেনহাওয়ার স্বয়ং টোকিও যাইবার জন্য কৃতসংকল্প হইয়াছিলেন। জাপানী সরকারের প্রধান মন্ত্রী কিশি স্বয়ং ছাত্র ও যুবকগণের এবং সাধারণের নিকট নতি স্বীকার করিতে বাধ্য হইয়া যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্টকে সর্ব্বদেশ-সম্মত-সম্বর্দ্ধনা না দিতে পারিবার জন্য বর্ত্তমানে প্রেসিডেন্টের জাপান সফর স্থগিত রাখিতে অনুরোধ করেন। প্রেসিডেণ্টও তাঁহার সফর বন্ধ করিয়াছেন। প্রীতি সম্মেলনে যদি অপ্রীতির লেশমাত্র থাকে তাহা বর্জ্জন করাই উচিত। ছাত্রদের সংহতি এ ব্যাপারে জয়যুক্ত হইল।

---

## চিনির পরিমাণ বৃদ্ধি

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর অধিবাসিগণের মধ্যে 'ক' শ্রেণীর কার্ডে সপ্তাহে মাথা পিছু আধ পোয়া স্থলে এক পোয়া এবং 'খ' ও 'গ' শ্রেণীর কার্ডে এক পোয়া স্থলে দেড় পোয়া চিনি দেওয়ার ব্যবস্থা হইয়াছে। এই সপ্তাহ হইতেই ঐ হারে চিনি পাওয়া যাইবে। এই ব্যবস্থায় 'ক' শ্রেণীর অসুবিধা দূর হইল।

---

## টেষ্ট রিলিফ কার্য

বিগত বন্যার পর সাম্প্রতিক তীব্র অনাবৃষ্টির ফলে দুর্দশা বৃদ্ধি পাইয়াছে এবং পল্লী এলাকার শ্রমজীবীদের মধ্যে ব্যাপক বেকারত্ব দেখা দিয়াছে। সেইজন্য সরকার বর্তমান বাজেট বরাদ্দ ৪০ লক্ষ টাকা ছাড়াও জেলাগুলিতে টেষ্ট রিলিফ কার্যের জন্য আরও অতিরিক্ত ৮০ লক্ষ টাকা ব্যয় মঞ্জুর করিয়াছেন।

প্রেস নোট

## রঘুনাথগঞ্জ ধর্ম্মশালা

জঙ্গিপুরের স্বর্গীয় পূর্ণচন্দ্র তেওয়ারী মহাশয় তাঁহার স্বর্গত পিতৃদেব জিয়ালাল তেওয়ারী মহাশয়ের স্মরণার্থে গত সন ১৩৫৭ সালে রঘুনাথগঞ্জ চাউলপটীতে "৺জিয়ালাল তেওয়ারী" ধর্ম্মশালা নির্ম্মাণ করিয়া দিয়াছেন। ইহাতে বিদেশাগত হিন্দু-জনসাধারণ বিশেষ সুবিধা পাইতেছেন। তাঁহার সুযোগ্য পুত্র কালীপদ বাবু ইহার সংস্কার ও পরিবর্দ্ধন করিতেছেন। মনে হয় সরকারী কর্ত্তৃপক্ষ এই জনহিতকর মহৎ প্রতিষ্ঠানে সহযোগিতা করিলে ইহা সুষ্ঠুভাবে পরিচালিত হইয়া দেশের ও দশের অশেষ কল্যাণ সাধন করিবে। এ বিষয়ে সরকারী কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

### কৃষি ঋণ

দুর্দশাগ্রস্ত কৃষিজীবীদের কৃষি ঋণ বন্টনের উদ্দেশ্যে সরকার বর্ত্তমান বাজেট বরাদ্দ ৫৭ লক্ষ টাকা ছাড়াও আরও অতিরিক্ত ৪০ লক্ষ টাকা ব্যয় অনুমোদন করিয়াছেন। প্রেস নোট

### নেতাজীর ব্যবহৃত গাড়ী প্রদর্শন

১৯৪৩ সালে আন্দামান দ্বীপপুঞ্জে নেতাজী সুভাষচন্দ্র বসু যে ফোর্ড ভি-৮ গাড়ী ব্যবহার করিয়াছিলেন, পশ্চিম বঙ্গ সরকার ১৫ দিন ধরিয়া উহা মহাজাতি সদনে প্রদর্শন করার সিদ্ধান্ত করিয়াছেন। অতঃপর উহা নেতাজীর অন্যান্য স্মারকগুলির সহিত এলগিন রোড ভবনে রক্ষার জন্য শ্রীঅমিয়নাথ বসুর নিকট অর্পণ করা হইবে। প্রেস নোট

### কল্যাণী সুতাকল

সরকার কল্যাণীস্থিত ৫০,০০০ মাকু সম্বলিত সুতাকলটি পরিচালনার জন্য একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী গঠন অনুমোদন করিয়াছেন। সরকার এই কোম্পানীর ১·৪০ কোটি টাকা মূল্যের শেয়ার ক্রয় করিবেন। আশা করা যাইতেছে যে এই কলে বৎসরে ৩২ লক্ষ পাউণ্ড মিহি ও অতিমিহি সূতা উৎপাদিত হইবে। প্রেস নোট

### হিন্দী-চীনী

॥ সু—মো—দে ॥

হিন্দী-চীনী ভাই ভাই
আর্ত্তি আঁতাত আদৌ নাই।
সহাবস্থান পঞ্চশীল
বেবাক মারে মাথায় কীল।
বান্দুং-বাণী কথার কথা
ধাপ্পাবাজী মানবিকতা।
শান্তি-মৈত্রী দ্বন্দ্বে ধুঁকে
সমাজতন্ত্র শিঙা ফুঁকে।
রাষ্ট্রসঙ্ঘে চীনার ঠাঁই
করল দাবি হিন্দী ভাই।
লাডাক নেফায় চীনাভিযান
কৃতজ্ঞতার সেরা প্রমাণ।
লালচীনের কপট খেলা
সজাগ সবে হও এ বেলা।

### সরকারী দপ্তরে হিন্দী চিঠি

ভারত সরকারের দপ্তরসমূহে বর্ত্তমানে মাসিক ৫০ হাজারেরও অধিক হিন্দী চিঠিপত্র আসিয়া থাকে। ঐগুলির অধিকাংশই তথ্য ও বেতার এবং পরিবহন ও যোগাযোগ মন্ত্রণালয়ের নিকট লিখিত। যতদূর সম্ভব হিন্দী চিঠিপত্রের উত্তরও হিন্দীতে দেওয়া হয়। এজন্য কয়েকটি মন্ত্রণালয়ে বিশেষ কর্ম্মচারী নিয়োগ করিতে হইয়াছে। অন্যান্য মন্ত্রণালয়ে হিন্দী জানেন এইরূপ কর্ম্মচারীদের দ্বারা ঐ সকল চিঠিপত্রের উত্তর দেওয়া হয়।

### শ্রীমাতৃচক্রের বার্ষিক উৎসব

বিগত ৭ই জুন মঙ্গলবার বৈকালে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে ডাক্তার শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে 'শ্রীমাতৃচক্রের' সপ্তম বার্ষিক উৎসব অনুষ্ঠিত হইয়াছে। প্রবীণ উকীল শ্রীশ্যামাচরণ চক্রবর্ত্তী মহাশয় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। উক্ত প্রতিষ্ঠানের কর্ম্মিগণের কুচকাওয়াজ, ব্যায়াম প্রভৃতি দেখিয়া এবং তাঁদের সাদর আপ্যায়নে সমবেত জনগণ মুগ্ধ হন। সভায় বহু লোকের সমাবেশ হইয়াছিল।

### টেক্সটাইল লাইসেন্স রিনিউ

আগামী ৫ঠা জুলাই, ১৯৬০ হইতে জঙ্গিপুর মহকুমার সমস্ত থানার 'সি' ও 'ডি' গ্রুপের লাইসেন্স গ্রহণকারীগণের লাইসেন্স রিনিউ হইবে। নিম্নে তারিখ দেওয়া হইল।

'সি' গ্রুপ—(বস্ত্র ব্যবসায়ী)

রঘুনাথগঞ্জ থানার ১ হইতে ৫০—৫ঠা জুলাই, ৫১ হইতে ১০০—৬ই জুলাই, ১০১ হইতে বাকীগুলি ৭ই জুলাই।

সাগরদীঘি থানার সমস্ত লাইসেন্স ৮ই জুলাই, ফরাক্কা থানার সমস্ত ও সুতী থানার ১ হইতে ৩০নং ৯ই জুলাই, সুতী থানার ৩১ হইতে ৭৩ এবং সমসেরগঞ্জ থানার ১ হইতে ৫০নং ১০ই জুলাই। সমসেরগঞ্জ থানার ৫১ হইতে ৮৭নং ১২ই জুলাই।

'ডি' গ্রুপ—(ফেরিওয়ালা)

রঘুনাথগঞ্জ থানা ১—১০০নং ১৩ই জুলাই, ১০১—২০০নং ১৪ই জুলাই, ২০১—৩০০নং ১৫ই জুলাই, ৩০১—৩৫৭নং ১৬ই জুলাই।

সাগরদীঘি থানার ১—৬৮নং ১৮ই জুলাই ফরাক্কা থানার ১—৬৯নং ১৯শে জুলাই, ৭০—১৩৮নং ২০শে জুলাই। সুতী থানার ১—১১৫নং ২১শে জুলাই। সমসেরগঞ্জ থানার ১—৬৬নং ২২শে জুলাই এবং ৬৭—১৩২নং ২৩শে জুলাই, ১৯৬০।

## শিক্ষক চাই

রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় প্রাথমিক বিভাগের জন্য ৪র্থ শিক্ষকের পদে ন্যূনপক্ষে পি. টি. ট্রেনিং-প্রাপ্ত অথবা ম্যাট্রিক পাশ শিক্ষক আবশ্যক। ট্রেনিংপ্রাপ্ত অভিজ্ঞ শিক্ষকের দাবী অগ্রগণ্য (মাসিক বেতন ভাতা বাদে ৩০্ টাকা)। ২৭।৬।৬০ মধ্যে নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন।

S. Roy Chowdhury,
সম্পাদক ২০।৬।৬০
C/o. প্রধান শিক্ষক, রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় (প্রাথমিক বিভাগ) রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

—দ্বারা—

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন। আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।